গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ**
বহরমপুর, রাজশাহী

## ২০২৪-২০২৫ অর্থ বছরে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন অগ্রগতির পরিবীক্ষণ ও হালনাগাদ কমিটির প্রথম প্রান্তিক সভার কার্যবিবরণী

১। সভাপতিঃ জনাব মোঃ শামসুল হোদা, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ.দা.), বিএমডিএ, রাজশাহী

২। সভার তারিখঃ ২২.০৯.২০২৪ ইং

৩। সভার সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা

৪। স্থানঃ সভাপতি মহোদয়ের অফিস কক্ষ

৫। উপস্থিতিঃ

ক) জনাব মোঃ শামসুল হোদা, অতরিক্তি প্রধান প্রকৌশলী (চ.দা), পরিকল্পনা, বিএমডিএ, রাজশাহী।

খ) জনাব ড. মোঃ ইকবাল হোসনে, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা), পরিকল্পনা, বিএমডিএ, রাজশাহী।

গ) জনাব মোঃ আশরাফুল ইসলাম, মনটিরং অফসিার (অ.দা), বিএমডিএ, রাজশাহী।

ঘ) জনাব মোঃ রোকনুজ্জামান বিশ্বাস, হিসাব নিয়ন্ত্রক (চ.দা), বিএমডিএ, রাজশাহী।

৬। আলোচনাঃ

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নেরর বিভিন্ন দিক তুলে ধরার জন্য কমিটির সদস্য-সচিব জনাব ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা), পরিকল্পনা, বিএমডিএ, রাজশাহী-কে আহবান করেন। জনাব ড. মোঃ ইকবাল হোসেন ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) তে অন্তর্ভুক্ত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অত:পর বিস্তারিত আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | [১.১] ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ | জনাব ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী কমিটিকে জানান যে, বিএমডিএ'র সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে। চলতি মাসের ৩০ তারিখের মধ্যেই ওয়েব সাইটে আপলোড করা হবে। | বিএমডিএ'র সিটিজেন চার্টার প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ অব্যহত রাখতে হবে। বিশেষ করে বর্তমানে কর্তৃপক্ষের সচিব জনাব মোহাঃ যোবায়ের হোসেন বদলী হওয়ায় তাঁর পরিবর্তে দায়িত প্রাপ্ত কর্মকর্তার নাম পরিবর্তন পূর্বক তাঁর মোবাইল নম্বর হালনাগাদ করা হয়েছে এবং ওয়েব সাইটে ৩০ সেপ্টেম্বর'২০২৪ তারিখের মধ্যেই আপলোড করা হবে। | জনাব ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএমডিএ, রাজশাহী। |
| ২। | [১.২] ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ | জনাব ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী কমিটিকে জানান যে, বিএমডিএ'র সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকীর মাধ্যমে হালনাগাদকরণ নিশ্চিতকরণ বিষয়ে গত ১৮.০৯.২০২৪ তারিখ নওগাঁ-২ রিজিয়ন দপ্তর পরিদর্শন করা হয় এবং যথাযথভাবে সিটিজেন চার্টার বাস্তবায়নের লক্ষ্যে দিক নির্দেশনা প্রদান করা হয়। | বিএমডিএ, নওগাঁ-২ রিজিয়ন দপ্তর পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সিটিজেন চার্টার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরসহ জোন দপ্তরের সাথে আলোচনা করা হয় এবং সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাকরণের জন্য পরামর্শ প্রদান করা হয়। তাছাড়া স্ব-স্ব দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ করার জন্য পরামর্শ প্রদান করা হয় এবং তাঁর অধিনস্থ দপ্তরের প্রতি প্রান্তিকে পরিদর্শন করার জন্য পরামর্শ প্রদান করা হয়। | জনাব ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএমডিএ, রাজশাহী। |

পরবর্তী পৃষ্ঠা-২

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩। | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন | ড. মোঃ ইকবাল হোসেন কমিটিকে জানান যে, বিএমডিএ'র সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা গত ১২.০৯.২০২৪ তারিখ মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের সমন্বয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। | আওতাধীন দপ্তর/সংস্থার সাথে সভা করা হয় এবং স্ব-স্ব দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ করার জন্য সভায় আলোচনা হয় এবং হালনাগাদ করে সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে টাঙ্গিয়ে টাংগিয়ে রাখা এবং চলতি প্রান্তিকের প্রতিবেদন আগামী ২৮.০৯.২০২৪ তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে অনুরোধ করা হয়। | জনাব ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএমডিএ, রাজশাহী। |
| ৪। | [২.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/ সংস্থার কর্মকর্তা/ কর্মচারীদের জন্য কর্মশালা /প্রশিক্ষণ/সেমিনার আয়োজন | জনাব ড. মোঃ ইকবাল হোসেন জানান যে, বিএমডিএ'র সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর/ সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন করা প্রয়োজন। যার জন্য স্থান ও সময় নির্ধারণ করা দরকার। | সভায় বিস্তারিত আলোচনা শেষে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর/ সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আগামী ডিসেম্বর মাসের মধ্যে আয়োজন করতে হবে এবং তা রাজশাহী প্রধান কার্যালয়ে করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | জনাব ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএমডিএ, রাজশাহী। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার আহ্বায়ক মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

22/09/2024

(ড. মোঃ ইকবাল হোসেন)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা)
বিএমডিএ, রাজশাহী
ও
সদস্য-সচিব, সিসি পরিবীক্ষণ কমিটি।

22/09/2024

(মোঃ ফারুক আজম)
অডিট অফিসার (ভারপ্রাপ্ত)
বিএমডিএ, রাজশাহী
ও
সদস্য, সিসি পরিবীক্ষণ কমিটি।

22/09/24

(মোঃ আশরাফুল ইসলাম)
মনিটরিং অফিসার (অ.দা)
বিএমডিএ, রাজশাহী
ও
সদস্য, সিসি পরিবীক্ষণ কমিটি।

22/9/24

(মোঃ আতিকুর রহমান)
নির্বাহী প্রকৌশলী (চ.দা.)
বিএমডিএ, রাজশাহী
ও
সদস্য, সিসি পরিবীক্ষণ কমিটি।

22/09/2024

(মোঃ শামসুল হোদা)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ.দা)
বিএমডিএ, রাজশাহী
ও
আহ্বায়ক, সিসি পরিবীক্ষণ কমিটি।